

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
পুরাতন বিমান বন্দর ভবন  
তেজগাঁও, ঢাকা-১২১৫।

**বিজ্ঞপ্তি**

নং-৮০.২০০.০৬০.০০.০০.০৬৩.২০১১-২৮৬

তারিখ : ১২/০৬/২০১১খ্রিঃ।

**বিষয় : আবেদনপত্র ক্রয়ের রসিদ এর মূল কপি মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থাপন প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোন প্রার্থীর আবেদনপত্র ক্রয়ের ব্যাংকের রসিদের ফটোকপি রয়েছে কিন্তু মূলকপি চুরি হয়ে গেছে বা ছিনতাই হয়ে গেছে, এমনটি ঘটলে থানায় জিডি করতঃ উক্ত প্রার্থী সংশ্লিষ্ট ব্যাংকে রসিদের ফটোকপি প্রদর্শন করে ব্যাংক ম্যানেজারের অফিস সীলযুক্ত স্বাক্ষরে নিম্নোক্ত নমুনা অনুযায়ী একটি প্রত্যয়নপত্র ব্যাংক থেকে সংগ্রহ করবেন। অতঃপর তার মৌখিক পরীক্ষার ন্যূনতম ৫(পাঁচ) কর্ম দিবস পূর্বে উক্ত ব্যাংক প্রত্যয়নপত্রটি কমিশনে দাখিল করবেন। দাখিলকৃত প্রত্যয়নপত্রটি কমিশনের সংশ্লিষ্ট ইউনিট হতে বিজ্ঞ সদস্যের মাধ্যমে মাননীয় চেয়ারম্যানের নিকট উপস্থাপন করবেন। প্রত্যয়নপত্রটি যথাযথ মনে করলে প্রার্থীকে মৌখিক পরীক্ষা গ্রহণে অনুমতি প্রদান করা হবে। যথা পদ্ধতিতে কমিশন কর্তৃক জারীকৃত (লিখিত) অনুমতিপত্র ছাড়া কোন অবস্থাতেই মৌখিক পরীক্ষা নেয়া হবে না। সোনালী ব্যাংকের প্রত্যয়নপত্রকে পরীক্ষার অনুমতিপত্র হিসাবে গ্রহণ করা হবে না।

**সোনালী ব্যাংকের প্রত্যয়নপত্র**

নং-

তারিখ : / / ২০১১খ্রিঃ।

সোনালী ব্যাংক

..... শাখা

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব/বেগম ..... তম বিসিএস  
পরীক্ষার/নন-ক্যাডার পদের প্রার্থী তার রেজিঃ নম্বর : ..... আবেদনপত্র ক্রয় রসিদ নং  
..... সোনালী ব্যাংক ..... শাখা থেকে ..... তম  
বিসিএস এর/নন-ক্যাডার পদের আবেদনপত্রটি ক্রয় করেছেন বলে প্রতীয়মান হয়েছে। আবেদনপত্র ক্রয়কৃত টাকা যথাযথভাবে  
পিএসসির একাউন্টে জমা হয়েছে।

আবেদনপত্র বিক্রয়কারী কর্মকর্তার স্বাক্ষর

(.....)

সোনালী ব্যাংক লিঃ


ম্যানেজার

..... শাখা

সোনালী ব্যাংক লিঃ

..... শাখা

..... শাখা



(আ.ই.ম. নেহার উদ্দিন)

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।